



সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে 'এক্সামিনেশন এন্ড এডুকেশন অর্ডিন্যান্স' বিষয়ক কর্মশালা

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষকদের অংশগ্রহণে 'এক্সামিনেশন এন্ড এডুকেশন অর্ডিন্যান্স' বিষয়ক দুই দিনব্যাপী কর্মশালা শুরু হয়েছে। আজ মঙ্গলবার (২৯ অক্টোবর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সেমিনার রুমে এ কর্মশালার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

অনুষ্ঠানে কী-নোট স্পীকার হিসেবে ছিলেন কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (সিএসটিই) বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আসাদুন নবী। আলোচক হিসেবে ছিলেন রিসার্চ সেলের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, প্রক্টর এ. এফ. এম আরিফুর রহমান এবং শিক্ষা প্রশাসন বিভাগের চেয়ারম্যান জি এম রাকিবুল ইসলাম।

উল্লেখ্য, ২৯ ও ৩০ অক্টোবর আয়োজিত কর্মশালায় অংশগ্রহণ করবেন ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ, সিনিয়র শিক্ষক প্রতিনিধিবৃন্দ, বিভাগীয় প্রধানবৃন্দ ও অধ্যাপকবৃন্দ।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪